

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৭

২. সুন্নাহ (کتاب السنة)

পরিচ্ছেদঃ ১) কুরআন ও সুন্নাহর অনুসরণের প্রতি উৎসাহ দান

الترغيب في اتباع الكتاب والسنة

## আরবী

(صحيح) عَنْ عِرْبَاضِ بْنِ سَارِيَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قال: وَعَظَنا رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَوْعِظَةً وَجِلَتْ مِنْهَا الْقُلُوبُ وَ ذَرَفَتْ مِنْهَا الْعُيُونُ فَقُلْناً: يَا رَسُولَ اللَّهِ كَأَنَّهَا مَوْعِظَةُ مُودِّعٍ فَأَوْصِنا، قَالَ: أُوصِيكُمْ بِتَقْوَى اللَّهِ وَالسَّمْعِ وَالطَّاعَةِ وَإِنْ تَأَمَّرَ عَلَيْكُمْ مَوْعِظَةُ مُودِّعٍ فَأَوْصِنا، قَالَ: أُوصِيكُمْ بِتَقْوَى اللَّهِ وَالسَّمْعِ وَالطَّاعَةِ وَإِنْ تَأَمَّرَ عَلَيْكُمْ عَبْدُ، وَإِنَّهُ مَنْ يَعِشْ مِنْكُمْ بَعْدِي فَسَيَرَى اخْتِلَافًا كَثِيرًا فَعَلَيْكُمْ بِسُنَّتِي وَسَنَّةِ الْخُلُفَاءِ عَبْدُ، وَإِنَّهُ مَنْ يَعِشْ مِنْكُمْ بَعْدِي فَسَيَرَى اخْتِلَافًا كَثِيرًا فَعَلَيْكُمْ بِسُنَّتِي وَسَنَّةِ الْخُلُفَاءِ الرَّاشِدِينَ الْمَهْدِيِّينَ عَضَتُوا عَلَيْهَا بِالنَّوَاجِذِ، وَإِيَّاكُمْ وَمُحْدَثَاتِ الْأُمُورِ فَإِنَّ كُلَّ بِدْعَةٍ طَنَالَالًا أَنْ والله أَبو داود والترمذي وابن ماجه وابن حبان في صحيحه وقال الترمذي حديث حسن صحيح

## বাংলা

৩৭. (সহীহ্) এরবায় বিন সারিয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একবার রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে এমন ওয়ায় করলেন যে, তাতে অন্তর সমূহ ভীত-সন্তুম্ভ হল, চক্ষুগুলো অশ্রুসিক্ত হল। আমরা আর্য করলাম: হে আল্লাহর রাসূল! মনে হচ্ছে এটি বিদায়ী নসীহত, তাই আমাদেরকে কিছু উপদেশ দিন। তিনি বললেনঃ

"আমি তোমাদেরকে উপদেশ দিচ্ছি তারুওয়া তথা আল্লাহ্ ভীতির এবং নেতার কথা শোনা ও তার আনুগত্য করার- যদিও একজন কৃতদাস তোমাদের নেতৃত্ব দেয়। নিঃসন্দেহে তোমাদের মধ্যে থেকে যে আমার পর জীবিত থাকবে অচিরেই সে অনেক মতভেদ দেখতে পাবে। (সে সময়) তোমাদের উপর আবশ্যক হল আমার সুন্নাত ও সুপথপ্রাপ্ত খোলাফায়ে রাশেদার সুন্নাতকে আঁকড়ে ধরা। তোমরা উহা মাড়ির দাঁত দিয়ে কামড়ে ধরে থাকবে। দ্বীনের মাঝে নতুনত্ব থেকে তোমরা সাবধান। কেননা প্রত্যেক বিদ্যাতই ভ্রষ্টতা।"

(হাদীছটি বর্ণনা করেছেন আবূ দাউদ, তিরমিয়ী, ইবনু মাজাহ্ ও ইবনু হিব্বান। তিরমিয়ী বলেনঃ হাদীছটি হাসান সহীহ্।)



"তোমরা উহা মাড়ির দাঁত দিয়ে কামড়ে ধরে থাকবে।" একথার অর্থঃ সুন্নাতকে তোমরা আঁকড়ে ধরে থাকবে, তা নিয়ে গবেষণা করবে, তার প্রতি সর্বদা আমল করবে, সে ব্যাপারে সতর্ক থাকবে- যেমন করে হারিয়ে বা নষ্ট হয়ে যাওয়ার ভয়ে কোন ব্যাক্তি কোন জিনিসকে দাঁত দিয়ে কামড়ে ধরে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইরবায ইবনু সারিয়াহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন